# রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - রমাযানে যে যে কাজ করা রোযাদারের কর্তব্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## কুনূতের দুআর শেষে মুখে হাত বুলানো

দুই হাত তুলে কুনূতের (অনুরূপ যে কোন) দুআর শেষে মুখে হাত বুলানো সুন্নত নয়। কেননা, এ ব্যাপারে বর্ণিত সমস্ত হাদীস যয়ীফ।[1] আর যয়ীফ হাদীস দ্বারা কোন সুন্নত প্রমাণ করা আমাদের জন্য সম্ভব নয়। তাই অনেক উলামা পরিষ্কারভাবে এ কাজকে বিদআত বলেছেন।[2]

মাজমূ' নামক কিতাবে ইমাম নওবী ইয্য্ বিন আব্দুস সালামের সাথে একমত হয়ে বলেন, (দুআর শেষে মুখে হাত বুলানো) মুস্তাহাব নয়। ইয্য্ বিন আব্দুস সালাম বলেছেন, ‘জাহেল ছাড়া এ কাজ কেউ করে না।’

এতদ্ব্যতীত এ কাজ বিধেয় না হওয়ার সমর্থনকারী আরো দলীল এই যে, হাত তুলে দুআ করার কথা বহু হাদীসেই এসেছে; কিন্তু কোন হাদীসে দুআর শেষে মুখে হাত বুলানোর কথা উল্লেখ হয়নি। আর তার মানেই হল, ইন শাআল্লাহ- হাত বুলানোর সপক্ষের হাদীসগুলি মুনকার (সহীহ-বিরোধী), বিধায় তা বিধেয় নয়।[3]

### ফুটনোট

[1] (দ্রঃ ইরওয়াউল গালীল, আলবানী ২/১৮১, আশশারহুল মুমতে’ ৪/৫৫)

[2] (দ্রঃ ইরওয়াউল গালীল, আলবানী ২/১৮২, মু’জামুল বিদা’ ৩২২পৃঃ)

[3] (ইরওয়াউল গালীল, আলবানী ২/১৮২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4112

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন